

# সোনমের লাদাখ!

মনীশ লাখানি

কথা থেকে প্রকাশিত একটি 300m থিংকবুক



আমি সোনম।

আমি লাদাখে থাকি।

বন্ধু মনীশ লাখানি আর তার
পোষা কুকুরের সাথে সোনম।



আমি ক্লাস ফাইভে পড়ি।
আমি আমার পরিবারের পশমিনা
পালেরও দেখাশোনা করি।



আমি চাংপা উপজাতির।

আমরা হলাম যাযাবর পশুপালক।



শীতকালে লাদাখে সবকিছুই জমে যায়। এমনকি বড় বড় ঝরনাগুলিও!

কিন্তু গ্রীষ্মের মাসগুলিতে লাদাখ
উষ্ণ এবং রঙিন থাকে!





এটি হল লাদাখে আমার
প্রিয় লেক। স কর লেক।



আমি খেলতে ভালবাসি! আর
আমার সাইকেলই আমার প্রিয় বন্ধু।



কিন্তু আমার ছোট্ট বন্ধু পেমা তার পোষা ছাগলের সাথে খেলতে ভালবাসে।



আমার ঠাকুমা সবসময়ে বলেন যে
বাক্স ভর্তি টাকাপয়সার চেয়ে ভেড়া
আর ছাগল আর কুকুররা বেশি ভাল।



আমরা ইয়াকের লোমের
তৈরি তাঁবুতে থাকি।
এই হল আমাদের রান্নাঘর।



ইয়াকগুলি আমাদের বন্ধু।


খাদ্য ফলাতে তারা আমাদের সহায়তা করে।


লাদাখে অন্যান্য
পশুও আছে।


বিরল ইউরেশিয়ান
ভোঁদড়।


শান্ত ঘোড়ারা।


আর শঙ্কু,
হিমালয়ের নেকড়ে।



লাদাখে অনেক মঠ আছে।
এটি থিকসে মঠ। এটি সিন্ধু
উপত্যকায় অবস্থিত।



তবে সবথেকে ভাল - লাদাখে
আমাদের শান্ত রাতগুলি,
আকাশ ভরা তারা!



# হিমালয়ের হৃদয়!


আপনার নিজের শহর থেকে লাদাখ যাওয়ার রাস্তা দেখুন।

## চাংপারা

চাংপারা আধা-যাযাবর উপজাতি। তাঁরা বাস করেন বিশ্বের অন্যতম শীতল মরুভূমিতে - হিমালয়ে তিব্বত থেকে লাদাখ পর্যন্ত বিস্তৃত একটি বিস্তীর্ণ তিব্বতীয় মালভূমিকে চাংথাং বলা হয়।

ঘাসে ঢাকা একটি এলাকা থেকে আরেকটি এলাকাতে চাংপারা ঘুরে বেড়ান আর মাংস ও পশমের বেসাতি করেন।

চাংপারা পশমিনা এবং ইয়াকের লোম দিয়ে অনেক চমৎকার জিনিস বোনেন।



চাংপারা যব, গম এবং মটরশুঁটির চাষ করেন।

# লাদাখের গলনশীল হিমবাহ

লাদাখে অনেকগুলি হিমবাহ আছে। সেগুলি আমাদের সবার জন্য গুরুত্বপূর্ণ। কিন্তু জনসংখ্যার বৃদ্ধি আর গাছ কেটে ফেলার কারণে পৃথিবী বেশি উষ্ণ হয়ে উঠছে, আর লাদাখের হিমবাহগুলি গলতে শুরু করেছে।

## ভাবো

পরিবেশ দূষণ কম করে আমরা কিভাবে লাদাখের হিমবাহগুলির গলন বন্ধ করতে পারি?

## জিজ্ঞাসা করো

আমাদের পরিবেশের যত্ন নিতে আমরা কী করতে পারি?

## আলোচনা করো

পরিবেশ দূষণ কম করার জন্য তোমার বন্ধুদের সাথে একটি ছয়-মাসের পরিকল্পনা করো ।

## কাজ করো

তুমি তোমার ভাগের কাজ করো। ছোট ছোট কাজ দিয়ে শুরু করো।

- যতটা সম্ভব হাঁটো, অথবা সাইকেল চালাও।
- বিদ্যুতের ব্যবহার কম করো।
- আবর্জনার পুনর্ব্যবহার করো ।
- কাপড়ের ব্যাগ ব্যবহার কর। প্লাস্টিকে "না" বলো ।
- গাছ লাগাও।
- স্থানীয়ভাবে উৎপাদিত খাবার কেনো আর খাও।




এসো, লাদাখে আমার সাথে দেখা করো !

মনীশ লাখানি: চিত্রগ্রাহক ও অভিযানকারী, মনীশ লাখানি তাঁর নিজের ক্যামেরা, সাইকেল আর পাহাড় ভালোবাসেন। পাহাড়ের প্রতি তাঁর টান তাঁকে বারে বারে লাদাখে নিয়ে গিয়েছে।

KATHA

কথা একটি বিশ্বব্যাপী স্বীকৃত অলাভজনক সংস্থা (www.katha.org),যা ১৯৮৮ সাল থেকে স্বাক্ষরতা থেকে সাহিত্য পর্যন্ত সব কিছু নিয়েই ধারাবাহিক ভাবে কাজ করে চলেছে। দরিদ্র শিশুদের জন্য প্রকাশনা এবং শিক্ষার ক্ষেত্রে আমাদের প্রায় ৩০ বছরের অভিজ্ঞতা রয়েছে।

ভারতের মুকুটে একটি শিক্ষামূলক রত্ন। **- নায়োউকি শিনোহারা, ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর, আইএমএফ**

"বিশ্বের সমস্ত শহরগুলিতে সাধারণ এবং চরম দুর্দশা নিয়ে কর্মরত সমস্ত সৃজনশীল প্রকল্পগুলির একটি দৃষ্টান্ত হল কথা।"
**- চার্লস ল্যান্ড্রি, দ্যা আর্ট অফ সিটি মেকিং**

"শিশুদের জন্য কথার মনে সত্যিকারের একটি কোমল স্থান রয়েছে। তাই ... শিশুদের জন্য এই জাতীয় চমৎকার বইগুলির সৃষ্টি করে।"
**— টাইম আউট**

"কথা যে ধারণার ভিত্তিতে কাজ করে তা হল শিশুরা তাদের সমাজে বাস্তব এবং দীর্ঘস্থায়ী পরিবর্তন আনতে পারে, যেমন তারা [তাদের বইতে] আনে।"
— পেপারটাইগারস

এই সংস্করণটির প্রথম প্রকাশনা 2021
স্বত্ব © কথা, 2017, 2022
পাঠ্যস্বত্ব © মনীশ লাখানি
চিত্রস্বত্ব © মনীশ লাখানি
এ3, সর্বোদয় এনক্লেভ, শ্রী অরবিন্দ মার্গ, নয়া দিল্লি 110 017
ফোন: 91-11 4141 6600 . 4141 6610
ই-মেইল: editors@katha.org, ওয়েবসাইট: www.katha.org
ISBN 978-93-82454-65-6

আমাদের উদ্দেশ্য: প্রতিটি শিশু যেন ভালোভাবে এবং আনন্দের জন্য পড়ে! ১৯৮৮ সালে শুরু হওয়া কথা একটি নিবন্ধীকৃত অলাভজনক সংস্থা। আমরা স্বাক্ষরতা থেকে সাহিত্য পর্যন্ত সব কিছু নিয়েই কাজ করি। শিশু ও প্রাপ্তবয়স্কদের আনন্দবর্ধনে নিয়োজিত থেকে, আমরা ১,০০,০০০-এরও বেশি দরিদ্র শিশুদের ভালো মানের বই ও সহায়তা দিয়ে গ্রেড-স্তরের পড়াশোনায় নিয়ে আসার জন্য কাজ করি।

সর্বস্বত্ব সংরক্ষিত! প্রকাশকের থেকে আগাম লিখিত অনুমতি ব্যতীত এই বইয়ের কোনও অংশই কোনও ভাবে পুনরুৎপাদন অথবা ব্যবহার করা যাবে না।
এই বইগুলির বিক্রয় থেকে প্রাপ্ত আয়ের ১০% অবহেলিত শিশুদের পড়াশোনা ও আজীবন শিক্ষার কর্মসূচিতে ব্যয় করা হয়।




"আই লাভ রিডিং লাইব্রেরি হল বইয়ের একটি অনন্য সিরিজ, যা নতুন এবং দ্বিধাগ্রস্ত পাঠকদের সাবলীলভাবে পড়তে সহায়তা করে। পাঠের বিভিন্ন স্তরে থাকা শিশুদের শেখার প্রয়োজনীয়তা অনুসারে উচ্চমানের বিষয়বস্তু এবং নকশার সাহায্যে, এটি ভারত এবং বিশ্বের সেরা সাহিত্যিক সৃষ্টি এবং শিল্পকর্মকে একত্রিত করেছে। আমাদের বইগুলি গীতা ধর্মরাজনের স্টোরিপেডাগজি™ প্রকাশ করে - এটি একটি অনন্য শিক্ষামূলক মডেল, যা বিশেষভাবে প্রথম প্রজন্মের পাঠকদের পড়ার আনন্দকে বাড়িয়ে দেয়, এবং শিশুকে বিগ আইডিয়া এবং টা-ডার আকর্ষণীয় জগতে নিয়ে যায়!
(TA-DAA--ভাবুন, প্রশ্ন করুন, আলোচনা করুন, কাজ করুন এবং অর্জন করুন)।"

কথা-র হলিস্টিক আর্লি লার্নিং (খেল অথবা KHEL) ল্যাব সরকারি, অলাভজনক এবং বেসরকারি স্কুল শিক্ষকদের জন্য বিভিন্ন কর্মশালার আয়োজন করে। অনলাইনে চলা এই এফ2এফ (F2F--মুখোমুখি) কর্মশালাগুলি শিক্ষক, বিদ্যালয়ের প্রশাসক এবং স্বেচ্ছাসেবকদের "রিডিং টিচার্স সার্টিফিকেট" প্রদান করে। আরও জানার জন্য আমাদের 300m@katha.org-এ লিখুন

আনন্দ নিতে এবং জানার জন্য পড়ুন


## এই সমস্ত আইএলআর বইগুলি





































**FOR OUR BOOKS**

www.books.katha.org

"গল্পের মাধ্যমে
ভারতের
বহুসাংস্কৃতিক
পরিচয়।"
– দ্যা পাইওনিয়ার

ছোটদের জন্য
কথা একটি বই
ISBN 978-93-88284-81-3
www.katha.org
`xxx

ইন্ডিগো সিরিজে